



স্মারক নং : বিএসএমআরএমইউ/রেজি-৩০৭/২২/ ৬৭

তারিখ: ০৭ জানুয়ারি ২০২২

অফিস আদেশ নং ০১৬/২০২২

**বিষয়: বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে**

১। সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৯ জানুয়ারী ২০২২ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম স্ব-শরীরে চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সকাল ০৮-৩০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে। করোনা ভাইরাসের সংক্রমণের ঝুঁকি ও প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় কোভিড-১৯ প্রতিরোধে প্রটোকল (সামাজিক দূরত্ব) যথাযথভাবে সকলকে অনুসরণ করতঃ নিম্নলিখিত বিষয়াদি নিশ্চিত করতে হবেঃ

ক। স্ব স্ব দপ্তর তাদের জনবল দ্বারা বিভিন্ন কার্যক্রম পরিচালনা করবে। সেক্ষেত্রে ঝুঁকিপূর্ণ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষার্থীগণের জ্বর, সর্দিকাশি, গলাব্যথা ও ডায়রিয়াজনিত রোগ এবং সন্তানসম্ভাব্য নারীগণ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবে।

খ। সকলকে অবশ্যই স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশমালা কঠোরভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার স্বাস্থ্য নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করবে। সেক্ষেত্রে প্রত্যহ সকালে বিশ্ববিদ্যালয়ের মেইনগেটে একজন মেডিকেল সহকারী তাপমাত্রা নিরীক্ষণ ও স্যানিটাইজার ব্যবহারের নিশ্চয়তা বিধান করবে।

গ। মাস্ক পরিধান করা ব্যতীত কোনোভাবেই বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করা যাবেনা এবং বিশ্ববিদ্যালয়ে অবস্থানকালীন সময়ে মাস্ক খোলা যাবে না। শ্রেণীকক্ষে ক্লাস চলাকালীন সকলকে মাস্ক পরিধানরত অবস্থায় থাকতে হবে।

ঘ। সংশ্লিষ্ট সকলকে যানবাহন সুবিধা প্রদান, প্রতিটি গাড়িতে হ্যান্ড স্যানিটাইজার/জীবাণুনাশক রাখা, গাড়ীর ভেতরে-বাহিরে পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত রাখাসহ আনুষঙ্গিক বিষয়াদি যানবাহন শাখা নিশ্চিত করবে।

ঙ। বিশ্ববিদ্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও জীবাণুমুক্ত করার প্রয়োজনীয় কার্যাদি সংশ্লিষ্ট দপ্তর ও প্রশাসন শাখা সমন্বয়সাধন পূর্বক সম্পাদন করবে।

চ। সকল শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র ও ইলেকট্রিক্যাল সামগ্রী সংরক্ষণ ও জীবাণুমুক্ত করার বিষয়টি স্ব স্ব দপ্তর ও প্রকৌশল শাখার সমন্বয়সাধন পূর্বক নিশ্চিত করবে।

ছ। বিশ্ববিদ্যালয়ে অবস্থানরত কর্মকর্তা ও কর্মচারীদের নিকট তাদের ব্যক্তিগত অতিথি আগমন এবং বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে প্রয়োজন ব্যতীত অতিথি/আগন্তুক আগমন নিরুৎসাহিত করা হলো।

২। সকল কোর্স কো-অর্ডিনেটরের মাধ্যমে সকল ছাত্র/ছাত্রীদের অবগত করার অনুরোধ করা হলো।

৩। সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

শেখ ফিরোজ আহমেদ  
কমডোর বিএন  
রেজিস্ট্রার

বিতরণ:

কার্য:

সকল দিন

অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ভাইস-চ্যান্সেলর মহোদয় - সদয় অবগতির জন্য।
- ২। ট্রেজারার।
- ৩। সকল দপ্তর/বিভাগ/শাখা।
- ৪। আইসিটি সেন্টার - ওয়েবসাইটে আপলোড এবং সংশ্লিষ্ট সকলকে সামাজিক যোগাযোগের মাধ্যমে এবং এসএমএস এর মাধ্যমে অবহিতকরণের অনুরোধসহ।
- ৫। অফিস কপি।